তারিখ 16 OCT 2016
পৃষ্ঠা ৭ কলাম ৪

যুগান্তর

# ইবি ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তন

## আবেদনের সময় বৃদ্ধি

**ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তন করে ৪ থেকে ৮ ডিসেম্বর নির্ধারণ করা হয়েছে। একই সঙ্গে ভর্তি আবেদনের সময়ও বৃদ্ধি করা হয়েছে। শনিবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি কমিটির সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। জানা যায়, ইসলামী বিশ্ববিদ্যালয়ে অনার্স (সম্মান) ১ম বর্ষে ভর্তি পরীক্ষার ফরম উত্তোলনের সময় ২০ অক্টোবর থেকে বৃদ্ধি করে ৩১ অক্টোবর পর্যন্ত করা হয়েছে। এছাড়া ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তন করে ৪ থেকে ৮ ডিসেম্বর করা হয়েছে। এর আগে ১৯ থেকে ২৪ নভেম্বর ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারিত হয়েছিল। একই সময়ে ২টি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার সময় নির্ধারিত হওয়ায় এ পরিবর্তন আনা হয়েছে। ভিসি অধ্যাপক ড. রাশিদ আসকারির সভাপতিত্বে শনিবার ভর্তি কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রো-ভিসি অধ্যাপক ড. শাহিনুর রহমান, অধ্যাপক ড. সেলিম তোহা উপস্থিত ছিলেন।